# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD


শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীনরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd


স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩২২.২৩-২৬৯

তারিখঃ ১৫-০৯-১৪৩২ বঃ
৩০-১২-২০২৫ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব আসলাম, আইডি নং-৯২০১০১০১২, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, বরগুনা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বরগুনা এর বিরুদ্ধে বিগত ১৩/০৮/২০২৩ খ্রিঃ তারিখে আমতলী পানি উন্নয়ন উপ-বিভাগ, বাপাউবো, আমতলী, বরগুনা এর উপ-বিভাগীয় প্রকৌশলী (ভারপ্রাপ্ত) জনাব সুদীপ্ত চৌধুরী'কে তার দপ্তর কক্ষে হামলা এবং অশ্রাব্য ভাষায় গালি-গালাজ করা সংক্রান্ত অভিযোগে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫৫(১) অনুযায়ী শৃঙ্খলা পরিদপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩২২.২৩-২৬২; তারিখ: ১৬/০৮/২০২৩ খ্রিঃ মোতাবেক তাকে বাপাউবো'র চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। একই সাথে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ অনুযায়ী অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩২২.২৩-৩১৪; তারিখ: ২০/০৯/২০২৩ খ্রিঃ এর মাধ্যমে তার বিরুদ্ধে অভিযোগনামা প্রেরণ পূর্বক ১০(দশ) কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি দাখিলের জন্যে নির্দেশনা প্রদান করা হয়।

২। জনাব আসলাম, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (সাময়িক বরখাস্ত) এর বিরুদ্ধে সূচিত কার্যধারায় উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে তিনি লিখিত বিবৃতি দাখিল করেন। তার দাখিলকৃত জবাব এবং কার্যধারায় আনীত অভিযোগ পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনায় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক অত্র পরিদপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩২২.২৩-৪৪৪; তারিখঃ ০৪/১২/২০২৩ খ্রিঃ মোতাবেক একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তৎপ্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা প্রতিবেদন দাখিল করেন। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনান্তে অভিযোগটির অধিকতর গ্রহণযোগ্য, নিরপেক্ষ ও স্বচ্ছ তদন্ত নিশ্চিতকরণে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের নির্দেশক্রমে অত্র পরিদপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩২২.২৩-১৯৩; তারিখঃ ০৩/০৯/২০২৫ খ্রিঃ মোতাবেক উত্থাপিত অভিযোগটি পুনঃতদন্তের জন্য একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তৎপ্রেক্ষিতে, তদন্ত কর্মকর্তা প্রতিবেদন দাখিল করেন।

৩। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং অন্যান্য আনুষঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় জনাব আসলাম, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (সাময়িক বরখাস্ত) এর বিরুদ্ধে ১৩/০৮/২০২৩ খ্রিঃ তারিখে আমতলী পওর উপ-বিভাগ, বাপাউবো, আমতলী, বরগুনা এর উপ বিভাগীয় প্রকৌশলী (ভারপ্রাপ্ত) জনাব সুদীপ্ত চৌধুরী'কে অতর্কিতভাবে হামলা করার অভিযোগ স্বাক্ষ্য প্রমাণে প্রতিষ্ঠিত হয়নি। কিন্তু, জনাব আসলাম কর্তৃক জনাব সুদীপ্ত চৌধুরী'কে তার দপ্তর কক্ষে প্রবেশ করে উচ্চবাচ্য এবং ঔদ্ধত্যপূর্ণ আচরণ করার অভিযোগ তদন্তে প্রতিষ্ঠিত হওয়ায় জনাব আসলাম, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (সাময়িক বরখাস্ত) এর ওপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(ক)(অ) মোতাবেক 'তিরস্কার' (Censure) বা নিন্দা জ্ঞাপন দণ্ড আরোপ এবং তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারপূর্বক বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫৬(১) মোতাবেক চাকরিতে পুনর্বহাল করাসহ উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫৭(২) মোতাবেক তার সাময়িক বরখাস্তকালকে কর্তব্যকাল হিসেবে গণ্য করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। অতএব, উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব আসলাম, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, বরগুনা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বরগুনা এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(ক)(অ) মোতাবেক 'তিরস্কার' (Censure) বা নিন্দা জ্ঞাপন দণ্ড আরোপ করা হলো এবং তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করতঃ বরখাস্তকালকে কর্তব্যকাল হিসেবে গণ্য করে তাকে চাকরিতে পুনর্বহাল করা হলো।

৫। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

৩০/১২/২৫

(মোঃ খুরশীদ আলম)
পরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৭০১০১০১৯

অঃপৃঃদ্রঃ

E:\Rashed\Office Order\Suspension Reinstatement.docx8

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩২২.২৩-২৬৯(১৫) তারিখঃ ১৫-০৯-১৪৩২ বঃ
৩০-১২-২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।
২। পরিচালক, কর্মচারী/হিসাবরক্ষণ/অর্থ/অডিট পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পটুয়াখালী পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, পটুয়াখালী।
৫। সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৭। নির্বাহী প্রকৌশলী, বরগুনা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বরগুনা।
৮। হিসাবরক্ষণ অফিসার, পটুয়াখালী আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, পটুয়াখালী।
৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
১০। জনাব আসলাম, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, বরগুনা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বরগুনা।
১১। অফিস কপি/মাস্টার কপি।

৩০।১২।২৫

(মোঃ মনিরুজ্জামান)
উপ পরিচালক
পরিচিতি নম্বর-৬৭০৬২৪০০১